

সাকুলার নং- বিজিএ/এডমিন/২০২৩/২৮২

২ ডিসেম্বর ২০২৩

সম্মানিত সকল সদস্য
বিজিএমইএ।

শীতাত্তদের মাঝে সহায়তা প্রদান প্রসঙ্গে

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশের অর্থনীতিতে তৈরি পোশাক শিল্প বৈদেশিক মুদ্রা অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

সম্প্রতি দেশের উত্তরাঞ্চলে শীতের আগমন পরিলক্ষিত। দরিদ্র অসহায় মানুষজন ইতোমধ্যেই ভোগান্তির শিকার হচ্ছে। উত্তরবঙ্গের শীতের ভয়াবহতা এবং শৈত্যপ্রবাহ প্রকট হলে অসহায় দরিদ্র মানুষ জনের ভোগান্তি বর্ণনাতীত আকার ধারণ করে। এই বিপর্যয়ে অসহায় মানুষের সাহায্যার্থে এগিয়ে আসা সর্ববৃহৎ রপ্তানীকারক খাত হিসাবে তৈরী পোশাক শিল্পের একটি সামাজিক দায়িত্ব। সামাজিক দায়িত্বের অংশ হিসাবে আপনাদের প্রদত্ত সাহায্য বিজিএমইএ থেকে দুর্গত মানুষের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহন করা হবে।

তাই প্রতি বছরের ন্যায় বিজিএমইএ এবারও শীত মৌসুমে অসহায় শীতাত্ত মানুষদের মাঝে শীত বস্ত্র বিতরণের উদ্যোগ গ্রহন করেছে।

আমরা বিশ্বাস করি এই মহতী উদ্যোগে আপনারা পূর্বের ন্যায় অকৃত্রিমভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিবেন। বিজিএমইএ মানুষের কল্যাণে বিভিন্ন সময়ে বিভিন্ন জনকল্যানমূলক উদ্যোগ গ্রহন করে থাকে।

এমতবস্থায় শীতাত্ত মানুষের কষ্ট নিবারণের কথা চিন্তা করে সম্মানিত পোশাক শিল্প মালিকদের নিজ নিজ সামর্থ্য অনুযায়ী নারী, পুরুষ এবং বাচ্চাদের শীতবস্ত্র, কম্বল এবং নগদ অর্থ সহায়তার জন্য বিজিএমইএ'র নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।


প্রয়োজনীয় বস্ত্র প্রদানের জন্য	আর্থিক অনুদান প্রদানের জন্য
জনাব আবুল হোসেন যুগ্ম সচিব, সিএমসি/এসএসডি শাখা মোবাইল ০১৯১৩-৫২৯৯৩০	জনাব সঞ্জীব প্রসাদ ঘোষ সিনিয়র উপ-প্রধান হিসাবরক্ষক (মোবাইলঃ ০১৭৫৫-৬১৮৩০৮)

আপনাদের প্রদত্ত অনুদান নিম্নেবর্ণিত একাউন্টে জমা করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

A/C Name : BGMEA Disaster Relief Account
A/C No. : 1017124226001 (Router No.: 120262531)
Bank : IFIC Bank Ltd., Kawran Bazar Branch
Address : 03, Petro Centre, Kawran Bazar, Dhaka-1215

এ ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,



ফারুক হাসান
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশে তৈরি •